স্মারক নং- REOA/EC/2025/005 তারিখ: ০৩/০৬/২০২৬ ইং

## ২৪-০৫-২০২৬ইং তারিখের সভার কার্যবিবরণী :

বিগত ২৪/০৫/২৬ ইং রবিবার সকাল ১০:৩০ টায় REB সদর দপ্তর এর ব্যাংক ভবনস্থ নীচ তলায় ক্রিসকপ/ অবসরপ্রাপ্তদের জন্য নির্ধারিত কক্ষ তে REOA নির্বাহী কমিটির ৩ য় সভা অনুষ্ঠিত হয়। সকলকে আসন্ন ঈদ উল আযহার অগ্রীম শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করে আলোচ্যসূচী অনুযায়ী পরিচালনার জন্য সাধারণ সম্পাদক কে অনুরোধ করেন ।

সভায় উপস্থিতির তালিকা নিম্নে দেওয়া হলো:

১. জনাব নুরুল ইসলাম ভূঞা - সভাপতি
২. জনাব শাহ্ নেওয়াজ খান - সহ-সভাপতি
৩. জনাব এস এম জাফর সাদেক - সাধারন সম্পাদক
৪. জনাব মোঃ আব্দুল হাই - সহ-সাধারন সম্পাদক
৫. জনাব অঞ্জন কান্তি দাশ - সাংগঠনিক সম্পাদক
৬. জনাব মোঃ বজলুর রহমান - কোষাধ্যক্ষ
৭. জনাব মোঃ নুরুজ্জামান - সহ কোষাধ্যক্ষ
৮. জনাব মোঃ আব্দুস সামাদ - সদস্য
৯. জনাব মোঃ মোস্তফা - সদস্য
১০. জনাব এম এ রশিদ - সদস্য
১১. জনাব কুমার চন্দ্র মন্ডল - সদস্য
১২. জনাব মোজাম্মেল হক - সদস্য
১৩. জনাব দুলাল চন্দ্র সাহা - সদস্য
১৪. জনাব তপন কুমার গোলদার - সদস্য সাংগঠনিক কমিটি

পূর্ব অবগতি সাপেক্ষে অনুপস্থিত ছিলেন:

(১)জনাব শেখ নুরুল আবসার
(২)জনাব এ বি মাহমুদ হোসেন
(৩) লতিফা আকতার জাহান

**১) ২ য় সভার কার্যবিবরনী নিশ্চিতকরণ:**

সাধারণ সম্পাদক কার্যবিবরণীটি সভায় উপস্থাপন করেন এবং সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয় ।

**২) প্রয়াত ও অসুস্থ এবং হজ্জে গমনকারী সদস্য / সহকর্মীদের দের জন্য দোয়া:**

বিগত সভার পর প্রাক্তন সদস্য প্রকৌশল জনাব আব্দুস সামাদও তাঁর সহধর্মিণী এবং পরিচালক অর্থ জনাব মোখলেছুর রহমান আমাদের ছেড়ে পরলোকগমন করেছেন । বর্তমানে কয়েকজন সহকর্মী হজ পালনরত রয়েছেন। উপরোক্ত ও প্রয়াত সকলের জন্য এবং আমাদের মধ্যে যাঁরা অসুস্থ আছেন সকলের জন্য দোয়া পরিচালনা করেন সহ সভাপতি জনাব শাহনেওয়াজ খাঁন।

**৩) কল্যাণ কমিটির নীতিমালা প্রণয়ন এর অগ্রগতি সম্পর্কে আলোচনা:**

এতদ্‌উদ্দেশ্যে গঠিত উপ কমিটির সদস্যগন তাদের স্ব স্ব খসড়া সভায় আলোচনা করেন। সকল সদস্যদের মতামতের ভিত্তিতে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করতে হবে। প্রয়োজনে EC কমিটির গ্রুপে মতামতের জন্য প্রকাশ করা যেতে পারে ।

**৪) কল্যান তহবিল সংগ্রহ ও তহবিল এর আপডেট উপস্থাপন:**

কোষাধ্যক্ষ/সহ কোষাধ্যক্ষ তহবিলের হিসাব সভায় উপস্থাপন করেন। এ যাবৎ ১৪৬ জন আজীবন সদস্যদের মধ্যে ৪৮ জন সদস্য কল্যাণ তহবিলে অর্থ প্রদান করেছেন এবং বাকীদের উদ্বুদ্ধ করতে পরামর্শ দেওয়া হয়। REOA এর ব্যাংক হিসাব একটিই থাকবে। তবে কল্যান তহবিলের অর্থের হিসাব আলাদা এবং আপাতত হাতে নগদ থাকবে। কল্যান সম্পাদক এ বিষয়ে নিয়মিতভাবে গ্রুপ এ উদ্বুদ্ধ করণ পোস্ট দিতে পারেন।

**৫) ঈদ পুনর্মিলনী কর্মসূচি গ্রহণ ও উপ কমিটি গঠন:**

আগামী ২৭-০৬-২০২৬ রোজ শনিবার সন্ধ্যায় ঢাকার সুবিধাজনক রেস্তোরায় ঈদ পুনর্মিলনী ও প্রীতিভোজএর আয়োজন করা হবে মর্মে সিদ্ধান্ত হয়। আগ্রহী আজীবন সদস্যদের আগামী ২২-০৬-২০২৬ এর মধ্যে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন ফি-একক ৮০০/-,স্ত্রী/ স্বামী সহ ১৫০০/- । অনুষ্ঠান সুসম্পন্ন করতে নিম্নরূপ কমিটি করা হয়:

১) শাহনেওয়াজ খান -আহবায়ক
২) অঞ্জন কান্তি দাস -সদস্য সচিব
৩) লতিফা আকতার জাহান- সদস্য
৪) দুলাল চন্দ্র সাহা- সদস্য

এই কমিটি সমগ্র অনুষ্ঠান সফলভাবে আয়োজন এর রেজিস্ট্রেশন, প্রচার সহ সমস্ত কার্যক্রম সম্পন্ন এর দায়িত্ব পালন করবেন।

**৬) সাংগঠনিক কার্যক্রম ও সদস্য সংগ্রহ এর অগ্রগতি পর্যাচলনা:**

নিয়মিত ভাবে REOA বিভিন্ন কার্যক্রম চলমান রাখার ব্যাপারে সভায় বিশেষ গুরুত্ব দিয়ে এ বিষয়ে সাংগঠনিক সম্পাদক জনাব অঞ্জন কান্তি দাস এর বক্তব্য চাওয়া হয় । তিনি রমজান, ঈদ ও নানাবিধ ব্যস্ততার কারণে সদস্য সংগ্রহ কাজে তেমন অগ্রগতি না হলেও আগামীতে সাবকমিটির সভা করে এ বিষয়ে কার্যকরী ও গতিশীল পদক্ষেপ নেবেন বলে জানান ।

**৭) সদস্যদের তথ্য ডিজিটালাইজেশন ও ডাইরেক্টরি প্রণয়ন:**

এ বিষয়ে সাধারণ সম্পাদক সভাকে অবহিত করেন যে REB কর্মচারী প্রশাসন দপ্তরে শুরু থেকে কাজ করা কর্মকর্তাদের কোনো সামগ্রিক তথ্য নেই। ক্রিসক সম্পাদক জনাব খালেদ হোসেন এর মাধ্যমে একটি অসম্পূর্ণ তালিকার সফট কপি হালনাগাদ করার জন্য আইসিটি সমন্বয়ক জনাব তপন কুমার গোলদার কে পাঠানো হয়েছে এবং তিনি এটির উপর বর্তমানে কাজ করছেন ।

৮) বিবিধঃ

ক) বাংলাদেশ অবসরপ্রাপ্ত বিদ্যুৎ কর্মজীবী কল্যান সমিতি কেন্দ্রীয় নেতৃবৃন্দ REOA নির্বাহী কমিটির সাথে একটি যৌথ মতবিনিময় সভায় আগ্রহী বলে সাধারণ সম্পাদক কতৃক সভাকে অবহিত করা হলে পরবর্তীতে সুবিধাজনক সময়ে এই সভা আয়োজন করা যায় মর্মে সিদ্ধান্ত হয়!

খ) সভায় REB সদর দপ্তরে এই সভা আয়োজন এ সহায়তার জন্য সংশ্লিষ্টদের আন্তরিক ধন্যবাদ জানানো হয় ।

গ) REB অবসর প্রাপ্তদের জন্য ক্রিসকপ থেকে নির্দিষ্ট ফর্ম পূরণ ও ছবি জমা দান সাপেক্ষে আইডি কার্ড প্রদান করছে । আগ্রহীগণ নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করে আইডি কার্ড সংগ্রহ করতে পারেন। এই আই ডি কার্ড অনুযায়ীই কর্মরতদের ন্যায় অবসরপ্রাপ্তগণও মেডিকেল সুবিধা পাবেন বলে ক্রীসকপ সাধারণ সম্পাদক জানিয়েছেন।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

(এস এম জাফর সাদেক)
সাধারন সম্পাদক

(মোঃ নুরুল ইসলাম ভূঞা)
সভাপতি